**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**06 JULY 2024** **7:35—7:40 AM IST**

==========================================================================

সমগ্র রাজব্যাপী শুরু হওয়া ‘সম্পূর্ণতা অভিযান’এর অঙ্গ হিসেবে আজ কাছাড় জেলার লক্ষ্মীপুর মহকুমায় বিভিন্ন কার্যসূচী পালন করা হবে । গত বৃহস্পতিবার থেকে সমগ্র দেশে নীতি আয়োগের উদ্যোগে এই অভিযান আরম্ভ করা হয়েছে । আগামী ৩০শে সেপ্টেম্বর থেকে তিনমাস ব্যাপী আয়োজিত এই অভিযানের লক্ষ্য হচ্ছে- সবকটি উচ্চাকাঙ্খামূলক জেলা এবং উন্নয়ন খন্ডে বারোটি মূল সামাজিক খন্ডের সূচকের ক্ষেত্রে একশো শতাংশ পরিপূর্ণতা লাভ করা । এই অভিযানের আওতায় উচ্চাকাঙ্খী জেলা ও উন্নয়ন খন্ডগুলিতে মূলতঃ প্রথম তিনমাসে পঞ্জীয়নভুক্ত প্রসূতির সংখ্যা, সংহত শিশুবিকাশ সেবার আওতায় প্রসূতিদের পরিপূরক খাদ্যের যোগান দেওয়া, শিশুদের সম্পূর্ণ রোগ প্রতিরোধ ক্ষমতার বৃদ্ধির হার, সরকারের ২০১৫ সালে কৃষকদের জন্য আরম্ভ করা সয়েল হেল্‌থ কার্ডের মাধ্যমে মাটির নমুনা সংগ্রহের হার,প্রতিটি উন্নয়ন খন্ডে মধুমেহ ও উচ্চ রক্তচাপজনিত রোগীদের সনাক্তকরণের হার এবং একই উন্নয়ন খন্ডে থাকা আত্মনির্ভরশীল গোষ্ঠীর পাশাপাশি বিভিন্ন তহবিল থেকে অর্থ লাভ করা গোষ্ঠীর হার, বিদ্যুৎ সরবরাহ থাকা মাধ্যমিক বিদ্যালয়ের হার ও পাঠ্যক্রম আরম্ভ হওয়ার একমাসের মধ্যে পাঠ্যপুস্তক বিতরণের হার বৃদ্ধি করার লক্ষ্য হাতে নেওয়া হয়েছে । হাইলাকান্দি জেলার বেশকয়েকটি উন্নয়ন খন্ডকেও এই অভিযানের আওতায় আনা হয়েছে ।

---

কন্দ্রীয় সরকারের প্রশাসনিক সংস্কার ও গণ অভিযোগ শাখা ২০২৪ সালের ই-গর্ভনেন্স’এর জাতীয় পুরস্কারের জন্য ‘শিক্ষাসেতু- আসাম’কে বাছাই করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ‘শিক্ষাসেতু’র এই স্বীকৃতির জন্য সকলকে অভিনন্দন জানিয়েছেন । এই স্বীকৃতি প্রযুক্তির মাধ্যমে শিক্ষাক্ষেত্রে পরিবর্তন আনার লক্ষ্যকে প্রেরণা যোগাবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন । উল্লেখ্য- আগামী আট ও নয়ই আগস্ট মুম্বাইতে অনুষ্ঠেয় ই-গর্ভনেন্স’এর ২৭ তম জাতীয় সম্মেলনের সময়ে ‘সমগ্র শিক্ষা

অসম’কে এই পুরস্কার প্রদান করা হবে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সামাজিক মাধ্যম যোগে জানিয়েছেন ।

---

চলতি বছরের চিকিৎসা বিজ্ঞানের স্নাতকোত্তর পর্যায়ের প্রবেশ পরীক্ষা অর্থাৎ নীট-পিজি আগামী ১১ ই আগষ্ট দুটি সময়সূচীতে অনুষ্ঠিত হবে ।জাতীয় চিকিৎসা বিজ্ঞান পরীক্ষা পরিষদ গতকাল পরীক্ষার সংশোধিত সময়সূচী প্রকাশ করেছে । উল্লেখ্য এই পরীক্ষা গত মাসে অনুষ্ঠিত হবার কথা ছিল তবে কিছু প্রতিযোগীতামূলক পরীক্ষায় অনিয়মের অভিযোগের পরিপ্রেক্ষিতে পরীক্ষার একদিন আগেই এই পরীক্ষা স্থগিত করা হয়েছিল ।

---

রাজ্যের কয়েকটি স্থানে বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও গতকাল অবিরাম বৃষ্টিপাতের ফলে পুনরায় অবনতি হয়েছে । গতকাল আরো একটি জেলা বন্যার কবলে পড়ায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত জেলার সংখ্যা ৩০ শে বৃদ্ধি পেয়েছে এবং জেলার ২৪ লক্ষেরও বেশি লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল ডিব্রুগড় জেলার বেশকয়েকটি স্থানে গিয়ে বন্যা পরিস্থিতির খোঁজখবর নিয়েছেন । এছাড়া শিবসাগর, গোলাঘাট, মাজুলি, গোয়ালপাড়া, বড়পেটা, কাজিরাঙা, বাক্সা, ধুবড়ি ইত্যাদি জেলায় বন্যাদুর্গতদের ত্রাণ ও উদ্ধারের জন্য যুদ্ধকালীন তৎপরতায় কাজ চলছে । বিভিন্ন স্থানে বন্যাদুর্গতদের অবস্থা সরেজমিনে পরিদর্শন করতে রাজ্যের মন্ত্রীরা সেসব স্থান পরিদর্শন করছেন ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলার বন্যা পরিস্থিতি গতকাল কিছুটা উন্নতি হয়েছে । উপত্যকার প্রধান নদী বরাকের জল খুব ধীরগতিতে কমতে শুরু করলেও স্থানে স্থানে উপনদীগুলির জল পার্শ্ববর্তী নীচু এলাকা প্লাবিত করছে । বেশকয়েকটি স্থানে ছোট ছোট বাঁধ ভেঙে সংশ্লিষ্ট স্থানের আশপাশের এলাকাগুলি প্লাবিত করেছে । শালচাপড়া এলাকায় এখনো জল প্রধান সড়কের উপরে কিছুটা কমলেও ঐ সড়ক দিয়ে যানবাহন চলাচল করতে সাবধানতা অবলম্বন করতে প্রশাসনের পক্ষ থেকে সতর্ক করে দেওয়া হয়েছে । কাছাড় জেলার বিশেষ করে কাটিগড়া, বড়খলা এবং শিলচর এলাকার নীচু জায়গাগুলিতে বন্যার জল ঢুকেছে ।

জেলা প্রশাসনের পক্ষ থেকে তৈরি করে দেওয়া আশ্রয় শিবিরগুলিতে বন্যা দুর্গত লোকেরা আশ্রয় গ্রহণ করেছেন । এছাড়া শিলচরের বৃহত্তর রংপুর এলাকা, করাতি গ্রাম ইত্যাদি স্থানে বহু লোক এখনো বন্যার ফলে গৃহহীন হয়ে রয়েছেন ।

করিমগঞ্জ জেলায়ও স্থানে স্থানে বন্যার জল কমতে শুরু করলেও দুর্গত মানুষেরা বহুস্থানে এখনো আশ্রয় শিবিরগুলিতে রয়েছেন । এদিকে হাইলাকান্দি জেলার বন্যা পরিস্থিতির আজ কিছুটা উন্নতি হয়েছে । জেলার প্রধান দুটি উপনদী- ধলেশ্বরী ও কাটাখাল এবং প্রধান নদী বরাকের জলস্তর কিছুটা কমতে শুরু করেছে । জেলার পাঁচটি রাজস্ব চক্রের বিভিন্ন গ্রামে জল ধীরে ধীরে কমতে শুরু

করেছে ।  তবে গতকালও জেলার ৩৭ টি রাজস্ব গ্রামের ৭ হাজার ১৭৭ জন লোক বন্যার কবলে রয়েছেন এবং জেলার ৮টি ত্রাণ শিবিরে ১ হাজার ১৩৩ জন  এবং ত্রান বিতরণ কেন্দ্রে ১ হাজার ৬২৫ জন বন্যাক্রান্ত সরকারি আশ্রয়ে রয়েছেন ।

---

কেন্দ্রীয় জল কমিশন সূত্রে জানানো হয়েছে যে আজ সকাল ছটায় করিমগঞ্জে কুশিয়ারা নদী বিপদসীমার ৯৭ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে ।
এখানে জল কমছে । হাইলাকান্দি জেলার
মাটিজুড়িতে কাটাখাল নদী বিপদসীমার ৫৩ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানেও জল কমছে ।
এদিকে জল সম্পদ বিভাগ সূত্রে জানানো হয়েছে যে আজ সকাল ছটা পর্য্যন্ত শিলচর অন্নপূর্নাঘাটে বরাক নদী বিপদসীমার ১৩ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানেও জল  কমছে ।

---

এদিকে শিলচর -লামডিং ডিভিশনের পিট লাইন জলমগ্ন হবার ফলে আজ ও আগামীকাল বেশ কয়েকটি ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে । এরমধ্যে আজ যাত্রা করা শিলচর-গৌহাটী এক্সপ্রেস, শিলচর-মহিষাশন এবং মহিশাষন -শিলচর যাত্রী ট্রেন ,শিলচর-দুর্লভছড়া ,শিলচর-জিরিবাম ,শিলচর-ভৈরবী যাত্রী ট্রেন,শিলচর-নিউতিনসুকিয়া এক্সপ্রেস, বদরপুর - দুর্লভছড়া এবং দুর্লভচরা-বদরপুর যাত্রী ট্রেন বাতিল করা হয়েছে । এছাড়া আগমীকাল যাত্রা করা গৌহাটী - শিলচর এক্সপ্রেস,দুর্লভছড়া-শিলচর , জিরিবাম-শিলচর,ভৈরবী-শিলচর যাত্রী ট্রেন এবং নিউতিনসুকিয়া- শিলচর এক্সপ্রেস ট্রেন রয়েছে বলে সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে ।

---

---

---